

প্রেস রিলিজ

ঢাকা ৬ এপ্রিল, ২০২০

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ক্রমান্বয়ে বৃদ্ধির প্রবণতা লক্ষ্যণীয়। বাংলাদেশ সরকার এ দুর্যোগ মোকাবিলায় নানামুখি পদক্ষেপ গ্রহণ করেছে। দেশের দুস্থ, অসহায়, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনার প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদফতর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি ও সম্মানিত সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী'র নির্দেশনায় সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম এর নেতৃত্বে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তায় দুস্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যক্তি, পথশিশু, কর্মহীন শ্রমিক পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে। এ লক্ষ্যে প্রতিদিন ঢাকা শহরের ৫০০ পরিবারকে ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ কেজি পেয়াজ, আখালিটার সয়াবিন তেল ও একটি সাবান প্রদান করা হচ্ছে। গত ২৮ মার্চ হতে এ কার্যক্রম চলছে।

আজ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভাসানটেক বস্তি ও শ্যামলীর মোহাম্মদী হাউজিং সোসাইটি এলাকার দুস্থ, অসহায় ও শ্রমজীবী-কর্মহীন পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম পরিচালনা করেন সমাজসেবা অধিদফতরের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব এস এম ফজলুল করীম রুমি, শহর সমাজসেবা কার্যালয়-৭ এর কর্মকর্তা মাহফুজুর রহমান, লিয়াজো অফিসার জনাব মোঃ নূরুল আমিন খান।

স্বাঃ

মোঃ সাজ্জাদুল ইসলাম

উপপরিচালক

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ

সমাজসেবা অধিদফতর

ই-মেইল: dd.pub@dss.gov.bd

rangasazzad@gmail.com

বার্তা সম্পাদক/এসসাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.....

.....